বিএনপি নেতার দাফন সম্পন্ন, মৃত্যুকে ঘীরে নানা গুঞ্জন

চেক ডিজঅনার মামলায় কারাাণÍরীণ অবস্থায় মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদের হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যাওয়াকে কেন্দ্র করে মেহেরপুর শহরে শুরু হয়েছে নানা গুঞ্জন। বিএনপির নেতাদের দাবী কারাগারে বিএনপি নেতা তোফায়েলকে পরিকল্পিত হত্যা করা হয়েছে। তোফায়েলের মেয়ে তার বাবার মৃত্যুর জন্য সাংবাদিক মিজানকে দায়ী করে বিচার দাবী করেছেন।

এদিকে সোমবার বিকাল ৩ টার সময় মেহেরপুর সদর উপজেলার উজুলপুর গ্রামে নামাজে জানাযা শেষে ওই কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে।

এর আগে দুপুরের দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল কর্মকর্তার(আরএমও) নেতৃত্বে তিন সদস্যর চিকিৎসক দল ময়নাতদন্ত সম্পন্ন করে লাশের স্যাম্পল রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালের ফরেনসিক ল্যাবে পাঠানো হয়েছে।

ময়না তদন্তের প্রতিবেদন পেলে হত্যাকান্ড সম্পর্কে পরিস্কার জানা যাবে বলে জানিয়েছেন আরএমও মোকলেসছুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, সাধারণ সম্পাদক ও মেহেরপুর-২ আসনের সাবেক এমপি আমজাদ হোসেন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসসহ জেলা বিএনপির নেতৃবৃন্দ ও অঙ্গসংগঠনের বিভিন্ন স্তুরের নেতাকর্মী।

এই মৃত্যুকে হত্যাকান্ড দাবী করে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন বলেন, একজন আসামি অসুস্থ হলে তাদের অভিভাবককে জানাতে হবে। তোফায়েল একজন রাজনৈতিক নেতা। তার দলীয় নেতাদের জানাতে হবে। সেটি না করে মৃত্যুর ২ ঘন্টা পরে পরিবারকে জানানো হয়েছে। এর সুস্পস্ট ব্যাখ্যা দাবী করেছেন কারা কর্তৃপক্ষের কাছে। একই সঙ্গে এ হত্যাকান্ডের সুষ্ঠ তদন্ত দাবী করেছেন।

নিহত তোফায়েল হোসেনের মেয়ে তাহমিন রুশদি অভিযোগ করে বলেন, আমার বাবার প্রতি অবিচার করা হয়েছে। আমার বাবা মেহেরপুরের সাংবাদিক মিজানের (মিজানুর রহমান, তিনি অনলাইন পোর্টালের সাংবাদিক) কাছে থেকে আড়াই লক্ষ টাকা সুদের মাধ্যমে ঋণ নিয়েছিলেন।

সাংবাদিক মিজানকে সুদসহ আসল টাকা অনেক আগে পরিশোধ করা হয়েছিলো। কিন্তু তিনি সুদের সুদের জন্য চাপ দিতে থাকে। এক পর্যায়ে তাকে দেওয়া ব্যাংকের চেক ডিজঅনার দেখিয়ে আব্বুর বিরুদ্ধে মামলা করেছিলেন। সেই মামলায় আমার আব্বুর জেল হয়েছিলো। আমি সাংবাদিক মিজানের বিচার চাই।

তাহমিন রুশদি আরো বলেন, আমার বাবা সুস্থ ছিলেন। কখন কিভাবে অসুস্থ হলেন আমরা জানিনা। জেলখানা থেকে তার মৃত্যুর খবরও আমাদের জানানো হয়নি। রাত সাড়ে ১০ টার দিকে ফেইসবুক ও সাংবাদিকদের মাধ্যমে বাবার মৃত্যুর বিষয় নিশ্চিত হয়ে আমরা হাসপাতালে আসি। এরপর জেনারেল হাসপাতালের মর্গে আমার বাবার মৃতদেহ পাই।

তবে, অভিযুক্ত সাংবাদিক মিজানুর রহমান বলেন, তোফায়েলের মেয়ের অভিযোগ ভিত্তিহীন। তোফায়েল আমার কাছে থেকে ৭ লাখ টাকা ঋণ নিয়েছিলেন। সাবেক এমপি মাসুদ অরুন মিমাংসা করে দেওয়ার পর তিনি ৬ লাখ টাকার চেক দিয়েছিলেন। আমি সবার অনুরোধে তাকে ১ লাখ টাকা মাফ করে দিয়েছি। সেই চিক ডিজঅনার মামলায় তার ৮মাসের জেল হয়। তোফায়েল জেলে যাওয়ার পরেও মাসুদ অরুন আমাকে বিষয়টি মিটিয়ে দেওয়ার অনুরোধ করেছে। আমি সেটা করতেও চেয়ছি।

মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম বলেন, ময়নাতদন্ত শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় মেহেরপুর সদর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

উল্লেখ্য, গত রবিবার (৪ সেপ্টেম্বর) সন্ধ্যা ৭টা ৪০ মিনিটে তিনি অসুস্থ হয়ে পড়লে কারাগারের নিজস্ব গাড়িতে করে তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাত ৮টা ২৫ মিনিটে তিনি মারা যান।

মেহেরপুর জেলা কারাগারের সুপার মোখলেসুর রহমান জানান, তিনি এনআই আইনের একটি মামলায় ৮ মাসের সাজাপ্রাপ্ত আসামি ছিলেন। গত ৩০ মে তাকে আদালত কারাগারে পাঠায়।

মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকের বরাত দিয়ে জেল সুপার মোখলেসুর রহমান জানান, তিনি মাইক্রো কার্ডিয়াক ইনফেকশনে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কোটচাঁদপুর মাদক সেবীর কাইচির আঘাতে দিন মজুরের মৃত্যু

ভবঘুরে মাদক সেবীর কাইচির আঘাতে দিন মজুর সবুজ খান (৩৭) মৃত্যু হয়েছে। সোমবার সকালে কোটচাঁদপুর পুরাতন গরুর হাট এলাকায় এ ঘটনা ঘটেছে।

প্রত্যক্ষদর্শী সুমন সর্দার জানান,সকালে বাড়ি থেকে বের হয়ে বাজারে যাচ্ছিলাম। এ সময় পাশের খালের উপরে আলম ও সবুজের মধ্যে ধস্তাধস্তি চলছিল। কিছুক্ষন পর দেখি সবুজ বুক ধরে দৌড়াচ্ছে। আর আলম আরেক দিকে দৌড়াচ্ছে। পরে শুনতে পারলাম সবুজকে ছুরি মারা হয়েছে।

মৃত সবুজ খানের মামা বাবু বলেন,আমার ভাগ্নে কোন দিন খারাপ কাজ করত না। সে একটা ফ্রেস ছেলে। আগে কোটচাঁদপুরে দিন মজুরের কাজ করত। মাঝখানে ঢাকা চলে গিয়ে ছিল। সে ঢাকায় ব্যবসা করে। গেল সপ্তাহে বাড়িতে এসেছে। তাঁর সঙ্গে কোন শত্রুতা থাকার কথা না। তবে কেন খুন করল বুঝতে পারছি না।

তিনি বলেন,আলমের ছুরির আঘাত খেয়ে সে দৌড়ে আমার বাড়িতে আসে এবং আমাকে বলে মামা আলম আমাকে কাইছি দিয়ে বুকে মেরেছে বলতে বলতে মটিতে পড়ে যায় । পরে আমি তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে যায়। ওই সময় সে বেচে ছিল। চিকিৎসা দেয়ার কিছুক্ষন পর সে মারা যায়। সবুজ খান কোটচাঁদপুর পুরাতন গরুর হাট এলাকার মৃত আব্দুর রহিমের ছেলে।

অন্যদিকে আলম হোসেন কোটচাঁদপুর সলেমানপুর দাসপাড়ার ঘড়ি ম্যাকানিক শামসুদ্দিনের ছেলে। জানা যায়, দীর্ঘ দিন ধরে সে মাদকে আসক্ত ছিলেন। কোন কাজ কর্ম করত না । বর্তমানে একটা সাইকেলে করে ঘুরে ঘুরে মাদকদ্রব্য বিক্রি করত বলে জানিয়েন এলাকাবাসী।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক শিরিন সুলতানা জানান, স্বাস্থ্য কমপ্লেক্সে জীবিত অবস্থায় আসে। আমরা প্রাথমিক চিকিৎসা শুরু করেছিলাম। কিছু ক্ষণ পর মারা যায়।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মঈন উদ্দিন বলেন,মাদক সেবীর ছুরির আঘাতে তাঁর মৃত্যু হয়েছে। কি কারনে এ ঘটনা জানতে চাইলে তিনি বলেন, প্রাথমিক ভাবে জানা গেছে,যে আম বাগানে বসে সে নেশা করত। সেটা নিয়ে হয়ত দুই জনের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে সবুজ কে ছুরি দিয়ে সে আঘাত করে পালিয়ে যায়।

এ ঘটনার পর থেকে আলম এলাকা ছেড়েছেন। পুলিশ তাঁর লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠিয়েছেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় মামলার প্রস্তুুতি চলছিল।

এসএসসি পরীক্ষা শুরুর সময় পেছাল

আগামী ১৫ সেপ্টেম্বর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা শুরু হবে। এবারের পরীক্ষা নিয়ে কয়েকটি নতুন সিদ্ধান্ত এসেছে।

৩ ঘণ্টা থেকে কমিয়ে ২ ঘণ্টা করা হয়েছে পরীক্ষা। সকাল ১০টার পরিবর্তে এক ঘণ্টা পিছিয়ে বেলা ১১টায় পরীক্ষা শুরু হবে। পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের পরীক্ষার হলে উপস্থিত থাকতে হবে।

সোমবার সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

যানজট বিবেচনায় পরীক্ষা শুরুর সময় ১ ঘণ্টা পেছানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান শিক্ষামন্ত্রী।

তিনি আরও বলেন, এবার পরীক্ষা হবে ২ ঘণ্টার। এর মধ্যে এমসিকিউ ২০ মিনিট, লিখিত ১ ঘণ্টা ৪০ মিনিট। পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এড়াতে পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে কেন্দ্রের দায়িত্বে থাকা ব্যক্তির মোবাইলে পরীক্ষার সেট কোড পৌঁছে যাবে। তিনি স্মার্টফোন নয়, ফিচার ফোন সঙ্গে রাখতে পারবেন। তিনি ছাড়া আর কেউ মোবাইল

ব্যবহার করতে পারবেন না।

শিক্ষামন্ত্রী আরও জানিয়েছেন, এসএসসি ও সমমান পরীক্ষা উপলক্ষ্যে ১২ সেপ্টেম্বর থেকে আগামী ২ অক্টোবর পর্যন্ত তথা ২১ দিন দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে। পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজন ও প্রশ্নফাঁস এড়াতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এ বছর সারা দেশে ২০ লাখ ২১ হাজার ৮৬৮ পরীক্ষার্থী অংশ নেবে। মোট শিক্ষাপ্রতিষ্ঠান ২৯ হাজার ৫৯১টি। মোট তিন হাজার ৭৯০টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গাংনীর খাঁসমহলে সাপের কামড়ে কৃষকের মৃত্যু

বিছানা থেকে সাপের কামড়ে মারা গেছেন জয়নাল হোসেন (৫২) নামের এক কৃষক। জয়নাল হোসেন গাংনী উপজেলার খাঁসমহল গ্রামের মৃত আব্দুল কাদের মুন্সীর ছেলে। সে পেশায় একজন কৃষক। তিন সন্তানের জনক সে।

আজ সোমবার (৫ সেপ্টেম্বর) ভোর রাতের দিকে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে মারা যান তিনি। রবিবার দিবাগত রাত ১১ টার দিকে তার নিজ ঘরে ঘুমিয়ে থাকা অবস্থায় বিছানা থেকে সাপে কাটে তাকে। এসময় পরিবারের লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন। সাপটিকে ধরে পরিবারের লোকজন মেরে ফেলেন।

পরিবারের উদ্ধৃতি দিয়ে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

আলমডাঙ্গায় মা-মেয়েকে পিটিয়ে আহত, ৫ লক্ষ টাকা লুটপাট

আলমডাঙ্গার কামালপুরে পূর্বশত্রুতার জের ধরে ঘরবাড়ি ভাংচুর ও নগদ টাকা লুটপাটের অভিযোগ উঠেছে। গত শনিবার দুপুর আড়াইটার দিকে এ ঘটনাটি ঘটেছে। এ ঘটনায় আদরী খাতুন বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছে।

অভিযোগ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের কামালপুর গ্রামের ইরাক প্রবাসী কফিল উদ্দীনের স্ত্রী আদরী খাতুনের সাথে একই গ্রামের সফি উদ্দিনের ছেলে ফরজ উদ্দিনের সাথে দীর্ঘদিন জমি সংক্রান্ত পূর্বশত্রুতা চলে আসছে। স্বামী ইরাক প্রবাসী ও ছেলে সৌদি প্রবাসী হওয়ায় একাই আদরী খাতুন বাড়িতে বসবাস করে আসছে।

এ সুযোগে কফিল উদ্দীন বিভিন্ন সময় আদরীকে কুপ্রস্তাব দেয়। এরই পরিপ্রেক্ষিতে আদরী খাতুন তার নিজ জমিতে মেয়ে ও জামাই এর ঘর নির্মাণ করছে।

ওই জমিতে তার মেয়ে ও জামাই এর ঘর নির্মাণ না করে এমন হুমকি দিয়ে আসছিলো ফরজ উদ্দিন। গত (৩ সেপ্টেম্বর) শনিবার দুপুরে ফরজ উদ্দিনের নেতৃত্বে মৃত আব্দুল জলিলের ছেলে সফি উদ্দিন, আলাল উদ্দিন, সফি উদ্দিনের ছেলে মনোয়ার হোসেন, বাবলু হোসেন, আলাল উদ্দিনের ছেলে সোহাগ দিনদুপুরের অতর্কিত সন্ত্রাসী হামলা চালায়। আদরী খাতুন তাদের বাড়ি-ঘর ভাংচুর করতে থাকলে সে বাধা দেওয়া তাকে মারপিট করে। তার ছেলের বউ মিম ঠেকাতে গেলে তাকে শ্লীনতাহানীর চেষ্টা চালায়।

সে নিজেকে বাঁচাতে চেষ্টা করলে গলায় থাকা ১ ভরি স্বর্ণে চেইন ছিনিয়ে নেয়৷ আদরীর মেয়ে আমেনা রহমান তাদের বাঁচানোর চেষ্টা করলেও তাকে বেধড়ক মারপিট করে। হামলাকারীরা ঘরের মধ্যে ঢোকার চেষ্টা করলে আমেনা রহমানকে ধাক্কা দিয়ে ঘরে থাকা বাড়ি নির্মাণের সিমেন্ট কেনার ৫ লক্ষ টাকা লুটপাট করে। পরিবারের তিনজনকে আহত অবস্থায় স্থানীয় হাসপাতালে প্রাথমিক চিকিৎসা প্রদান করে।

এ ঘটনায় আদরী খাতুন বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

[redacted]

[redacted]

সরেজমিনে গিয়ে দেখা গেলো আহত মতিরুলের বাড়িতে এখন শুন্য। তার মা রহিমা খাতুন তালা দেওয়া ঘরের সামনে বসেই তার তিন ছেলের বাড়ি পাহারা দিচ্ছেন। তিনি বলেন, আমার ছেলে গ্যানজাম শুনে সেখানে গিয়েছে। তাকে ধারালো দা দিয়ে পায়ে, মাথায় ও শরীরের বিভিন্ন স্থানে কুপিয়ে রক্তাক্ত করেছে। আমার ছেলে আর কিছুই করতে পারবেনা। প্রতিদিনই দু একবার করে ৪০/৫০ জন লোক বাড়ির উপর খুঁজতে আসছে। নানা ভাবে ভয়ভীতি দেখাচ্ছে।

তবে মেহেরপুর সদর থানার ইন্সপেক্টর অপারেশন শেখ শাহিনুর রহমান জানান, পিরোজপুরের সংঘর্ষের ঘটনায় উভয়পক্ষই মামলা দায়ের করেছেন। আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের সমর্থক হারুন বিশ্বাস বাদী হয়ে এজাহার নামীয় ১১ জন ও অজ্ঞাত ৪/৫ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন যার,মামলা নং ৪১, তারিখ ৩০/০৮/২০২২ ইং। অপরদিকে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুস সালামের সমর্থক জানু মিয়া বাদী হয়ে এজাহার নামীয় ১২ ও অজ্ঞাত ৩/৪ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন যার মামলা নং ৪২, তারিখ ৩১/০৮/২০২২।

মামলার ঘটনায় পুলিশ অভিযান চালিয়ে সংঘর্ষের প্রধান হোতা আব্দুল কুদ্দুছ তার ছেলে ফরহাদ হোসেন ও একটি মামলার বাদী জানু বিশ্বাসকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করেছে। তবে ইতোমধ্যে জানু বিশ্বাস জামিনে মুক্ত হয়েছেন।
ইন্সপেক্টর অপারেশন শেখ শাহিনুর রহমান আরো বলেন, দায়ের করা দুটি মামলার আসামিদের গ্রেফতারে পুলিশ অভিযান চালাচ্ছে। এছাড়া এলাকায় শান্তি শৃংখলা রক্ষার্থে নিয়মিত টহল অব্যাহত রয়েছে।

পিরোজপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই সাইদুর রহমান বলেন, সংঘর্ষের পর এলাকায় আর কোনো অপ্রিতীকর ঘটনা যাতে না ঘটে, সে ব্যাপারে পুলিশ সজাগ রয়েছে। এই গ্রামে এখন পুলিশী টহল বাড়ানো হয়েছে।

পিরোজপুর ইউপি চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস বলেন, এটা সদ্য সমাপ্ত ইউপি নির্বাচনেরই জের। মুলত আমার প্রতিপক্ষ পরাজিত প্রার্থী আব্দুস সালাম ভোটে হারার পর থেকেই আমার কর্মী সমর্থকদের নানাভাবে হুমকী ধামকী দিয়ে আসছিল। সে প্রায় দিনই তাদের বাড়ি বাড়ি গিয়ে হুমকী দিয়েছে। সালাম ও তার লোকজন বেছে বেছে আমার লোকের উপর হামলা করতে গেছে।

তিনি আরো বলেন, মেহেরপুর শহরের রাজাকারের ছেলে ইব্রাহিম শাহিন

উকিল ও বেশ কয়েকজন নেতা উস্কানি দিয়ে আমার বিরুদ্ধে আব্দুস সালামকে নির্বাচনে দাঁড় করিয়ে দিয়েছিল। এর সাথে জেলা পর্যায়ের আরো অনেক নেতা জড়িত। কিন্তু তাকে পরাজিত হতে হয়েছে। এখন এলাকায় আমার নির্বাচনী মাঠের কর্মী সমর্থকদের উপর হামলা ও প্রতিশোধ নেওয়ার চেষ্টা করছে সে। তিনি বলেন, শান্তিপূর্ণ পরিবেশকে অস্থিতিশীল করার পায়তারা করছেন আব্দুস সালাম তার লোকজন। তিনি বলেন,

এদিকে আব্দুস সালাম বলেন, ২০১৪ সালের জামায়াত বিএনপির নেতা আবুল হোসেনের বংশের লোক। যারা রাস্তায় টায়ার জালিয়েছেন তারা এবার বাবলু বিশ্বাসের নৌকার ভোট করে আওয়ামী লীগ হয়ে গেছে। মুলত বাবলু বিশ্বাসের পক্ষে এ গ্রামে আওয়ামীলীগের কোনো লোক ভোটে নামেনি। তাই জামায়াত বিএনপির লোক নিয়ে সে আওয়ামীলীগের লোকজনকে পরিকল্পিতভাবে উস্কানি দিয়ে মারধর করেছে। তিনি বলেন, আমার বাবাসহ আমার পরিবারে ৫ জন মুক্তিযোদ্ধা রয়েছে। অথচ, রাজাকারের ছেলে বাবলু বিশ্বাস মন্ত্রীর বোনের সাথে বিয়ে করে আজ তার সাহসে আমার মুক্তিযোদ্ধা বাবাকে নিয়ে কটাক্ষ করে। এই গ্রামের আওয়ামী লীগের লোকজন তাকে ভোট না দেওয়ায় আওয়ামী লীগের প্রকৃত লোকজনকে সে নানাভাবে নির্যাতন চালাচ্ছে। এবং সে আমাকে নানাভাবে হত্যার ষড়যন্ত্র করছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৫ জন মামলা রেকর্ড ৬ টি

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৫ আসামি গ্রেফতার হয়েছে। তিন থানায় বিভিন্ন অভিযোগে ৬ টি মামলা রুজ্জু হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ৩ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ জন ও মুজিবনগর থানা পুলিশ নিয়মিত মামলায় ১ জন আসামি গ্রেফতার করেছে।

সদর থানায় অন্যান্য মামলা ৩ টি, মাদক আইনে ১ টি , মুজিবনগর থানায় ১ টি ও গাংনী থানায় ১ টি মামলা রেকর্ড হয়েছে।

রবিবার (৪ সেপ্টেম্বর) সকাল থেকে আজ সোমবার (৫ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছেন।পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনরগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ সোমবার সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানান সূত্রটি।

মেহেরপুর কারাগারে জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েলের মৃত্যু

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ জেলা কারাগারে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন।

রবিবার সন্ধ্যা ৭টা ৪০ মিনিটে তিনি অসুস্থ হয়ে পড়লে কারাগারের নিজস্ব গাড়িতে করে তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাত ৮টা ২৫ মিনিটে তিনি মারা যান।

মেহেরপুর জেলা কারাগারের সুপার মোখলেসুর রহমান জানান, তিনি এন আই মামলার ৮ মাসের সাজাপ্রাপ্ত আসামি ছিলেন। গত ৩০ মে তাকে আদালত কারাগারে পাঠায়। তিনি শারিরীক ভাবে অসুস্থ থাকায় প্রতিদিন অনেক পরিমানে ওষুধ সেবন করতেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকের বরাত দিয়ে জেল সুপার মোখলেসুর রহমান জানান, তিনি মাইক্রো কার্ডিয়ালে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন।